গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
(সিগন্যাল এন্ড টেলিকম শাখা)
রেলভবন, ঢাকা
www.railway.gov.bd

নং-৫৪.০১.০০০০.৫০২.১৫.০০২.১৬- ৩১৫৭

তারিখ: ৭ চৈত্র, ১৪২৩ / ২১ মার্চ, ২০১৭

**বিষয়ঃ** বাংলাদেশ রেলওয়ে ইনোভেশন টিম কর্তৃক ১৪.০৩.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

১৪.০৩.২০১৭ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ রেলওয়ে ইনোভেশন টিম এর এক সভা অতিঃ সিএসটিই (টেলিকম) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা নিম্নে দেওয়া হলো।

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১। | জনাব বেনু রঞ্জন সরকার | অতিঃ সিএসটিই/টেলিকম |
| ০২। | জনাব সুজিত মজুমদার | উপ-পরিচালক (যান্ত্রিক) |
| ০৩। | জনাব মোঃ ময়েনুল ইসলাম | উপ-পরিচালক (টিটি) |
| ০৪। | জনাব মুঃ আবুল বাসার | সহকারী পরিচালক (আইটি) |

অতিঃ সিএসটিই (টেলিকম) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ রেলওয়ের সম্মানিত যাত্রী সাধারণ এর সুবিধার্থে ও রেল পরিচালনায় সময়ানুবর্তিতা কাঙ্খিত পর্যায়ে আণয়নের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের ২০১৭ সালের ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয় যা পরিশিষ্ট 'ক' তে দেওয়া আছে।

সংযুক্তি: বর্ণনামত।

(মুঃ আবুল বাসার)
সহকারী পরিচালক (আইটি) (চঃদাঃ)
সদস্য, ইনোভেশন টিম
রেলভবন, ঢাকা ।

অনুলিপিঃ অবগতির জন্য প্রেরণ করা হলো-
১। অতিঃ সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। এসপিএলও-১, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩। উপ-পরিচালক (প্রকৌশল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫। উপ-পরিচালক (টিটি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে | বাস্তবায়ন অগ্রগতি | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | | |
| ১ | ট্রেন ট্রাকিং ও মনিটরিং সিস্টেম (TTMS) বর্ধিতকরণ | আরো ১০টি ট্রেনে/লোকোমোটিভ এ TTMS চালু করা। | ০১.০১.১৭ | ৩১.১২.১৭ | সিএসটিই (টেলিকম) | রেলওয়ে ষ্টেশনে না এসেও সহজেই যাত্রী সাধারণ নিজ নিজ অবস্থান থেকে এসএম এস এর মাধ্যমে ট্রেনের তাৎক্ষণিক অবস্থা জানতে পারছে। এতে যাত্রী হয়রানি লাঘব হবে। সেবার পরিধি বাড়বে। | ট্রেন ট্রাকিং ও মনিটরিং সিস্টেম (TTMS) Appsটি Suncrops Ltd নামক একটি প্রতিষ্ঠানের মাধ্যমে বিনামূল্যে উদ্ভাবন করা হয়েছে। উল্লিখিত প্রতিষ্ঠানকে এই পঞ্জিকা বছরে আরও ১০টি ট্রেনে/লোকোমোটিভে উক্ত সেবাটি বর্ধিত করণের জন্য অনুরোধ করা হয়েছে। | ০% |
| ২ | অনলাইন টিকিটিং এর পরিধি বৃদ্ধিকরণ (e-Ticketing system) | ১০টি নতুন স্টেশনকে অনলাইন টিকিটিং সিস্টেমের আওতায় আনা। | ০১.০১.১৭ | ৩১.১২.১৭ | এডিজি (অপারেশন) | সেবাটি চালু হওয়ার ফলে রেল ভ্রমণেচ্ছু যাত্রীসাধারণ স্টেশনে আসার জন্য রাস্তায় যানজটে সময়ের অপচয়, টিকেটের জন্য দীর্ঘ লাইনে অপেক্ষার বিরক্তিকর পরিবেশ হতে মুক্তি পাবেন। | উপ-পরিচালক (টিটি) জানান যে, কয়েকটি রেলওয়ে ষ্টেশনকে Online e-ticketing এর আওতায় আনার প্রক্রিয়া চলমান। | ০% |
| ৩ | বাংলাদেশ রেলওয়েতে ওয়াই-ফাই সেবা বর্ধিতকরণ | ১০টি রেলওয়ে স্টেশনে ফ্রি ওয়াই-ফাই সেবা চালু করা। | ০১.০১.১৭ | ৩১.১২.১৭ | সিএসটিই (টেলিকম) | সেবাটি চালু হওয়ার ফলে রেলওয়ে স্টেশনে অপেক্ষমান যাত্রীসাধারণ তাদের স্মার্টফোন, ট্যাব, ল্যাপটপ ইত্যাদি ব্যবহার করে ইন্টারনেটে ব্রাউজ করতে পারবেন এবং ব্যবহারকারী দৈনন্দিন জীবনে দাপ্তরিক/ব্যক্তিগত ডকুমেন্ট আপলোড/ ডাউনলোড এর মাধ্যমে ই-মেইল আদান প্রদান করতে পারবেন। এতে সেবার পরিধি বৃদ্ধি পাবে। | বাংলাদেশ রেলওয়েতে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের মোট আরও (৫+৫) = ১০টি রেলওয়ে স্টেশনে ওয়াই-ফাই নেটওয়ার্ক বর্ধিত করার বিষয়ে বাংলাদেশ রেলওয়েতে ওয়াই-ফাই সেবা প্রদানকারী Qubee Ltd নামক প্রতিষ্ঠানের সাথে আলোচনা অব্যাহত আছে। | ০% |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | সিসি টিভি সিস্টেম বর্ধিতকরণ | (ক) পূর্বাঞ্চলের আরো ০৫ টি রেলওয়ে স্টেশনে এবং ০১ টি স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন করা।<br>(খ) পশ্চিমাঞ্চলে আরো ০৫টি রেলওয়ে স্টেশনে এবং ০১টি স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন করা। | ০১.০১.১৭ | ৩১.১২.১৭ | সিএসটিই (পূর্ব ও পশ্চিম) | • সিসি ক্যামেরা স্থাপনের ফলে রেলওয়ে স্টেশন, রেলওয়ে স্থাপনা এবং রেলওয়ের অফিস সমূহের সার্বিক নিরাপত্তা বিধানের ব্যবস্থা অধিকতর শক্তিশালী হবে।<br>• সিসি ক্যামেরা স্থাপনের ফলে রেলওয়ে স্টেশনের টিকেট কালোবাজারি রোধ, সনাক্তকরণসহ স্টেশনে অবাঞ্ছিত লোকজনকে সনাক্ত করা যাবে এবং অনাকাঙ্খিত ঘটনা রোধ করা সম্ভব হবে। | বাংলাদেশ রেলওয়েতে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের মোট (৫+৫) = ১০টি রেলওয়ে স্টেশনে এবং (১+১) = ২টি রেলওয়ে স্থাপনায় সিসিটিভি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই পর্যন্ত পূর্বাঞ্চলে (২+১) = ৩ টি ও পশ্চিমাঞ্চলে (২+১) = ৩ টি সিসিটিভি স্থাপন করা হয়েছে। | ৫০% |
| ৫ | আন্তঃনগর ট্রেনের কন্ডাক্টর-গার্ড, এ্যাটেনডেন্ট এবং খাবার গাড়ীর কর্মচারীদের সুন্দর ব্যবহার বিষয়ে সেমিনার/সভার আয়োজন। | ২০১৭ সালে ০২টি সেমিনার/সভার আয়োজন করা। | ০১.০১.১৭ | ৩১.১২.১৭ | এডিজি (অপারেশন) এবং এডিজি (আরএস) | সেমিনার/সভার মাধ্যমে আন্তঃনগর ট্রেনের কন্ডাক্টর-গার্ড, এ্যাটেনডেন্ট এবং খাবার গাড়ীর কর্মচারীদের সুন্দর ব্যবহার বিষয়ে অনুপ্রাণিত করে সেবার মান বৃদ্ধি করা যাবে। | আন্তঃনগর ট্রেনের কন্ডাক্টর-গার্ড, এ্যাটেনডেন্ট এবং খাবার গাড়ীর কর্মচারীদের সুন্দর ব্যবহার বিষয়ে সেমিনার/সভার আয়োজন করার জন্য এডিজি (অপারেশন) এবং এডিজি (আরএস) মহোদয় এর দপ্তর হতে ট্রেন অপারেশন সংশ্লিষ্ট কর্মকান্ড বিষয়ক নির্দেশনা জারি করার অনুরোধ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০% |
| ৬ | মৈত্রী ট্রেনের টিকিট অনলাইনে প্রাপ্তির ব্যবস্থা। | ভারত- বাংলাদেশের মধ্যে চলাচলকৃত আন্ত:দেশীয় ট্রেনের টিকিট অন লাইনে কাটার ব্যবস্থা করা। | ০১.০১.১৭ | ৩১.১২.১৭ | এডিজি (অপারেশন) | যাত্রীসাধারণ সহজেই অনলাইনে মৈত্রী ট্রেনের টিকিট ক্রয় করতে পারবেন। | যাত্রীসাধারণদের অনলাইনে মৈত্রী ট্রেনের টিকিট বিক্রয় এর ব্যবস্থা গ্রহণ করতে এডিজি অপারেশনকে অনুরোধ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০% |
| ৭ | মোবাইল Apps এর প্রবর্তন | মোবাইল Apps এর মাধ্যমে যাত্রী সুবিধা সংক্রান্ত তথ্য প্রদান। | ০১.০১.১৭ | ৩১.১২.১৭ | এডিজি (অপারেশন) | মোবাইল Apps ব্যবহার করে সহজেই যাত্রীসাধারণ ট্রেন চলাচল সম্পর্কিত বিভিন্ন তথ্য পাবেন। | মোবাইল Apps প্রবর্তনের নিমিত্ত এডিজি অপারেশনকে অনুরোধ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০% |